

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুলিয়ারচর, কিশোরগঞ্জ
www.kuliarchar.kishoregonj.gov.bd

স্মারক: ০৫.১২.৪৮৫৪.০০০.০০.০০০.২৩- ৪২৮

তারিখ: ০৩ অক্টোবর ২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা নিম্নে বর্ণিত ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে বর্ণিত ওয়ার্ডসমূহের সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এবং ২০১৫ ও ২০১৭ সনের সংশোধিত আইন মোতাবেক সংশ্লিষ্ট ওয়ার্ডের শূন্য পদে ১ জন করে মহিলাদার নিয়োগ করা হবে।

ক্র.নং	ইউনিয়নের নাম	ওয়ার্ডের নং	মোট সংখ্যা
০১	উছমানপুর	০৯	০১
০২	রামদী	০২	০১
০৩	ফরিদপুর	০৪	০১

আবেদনকারীর যোগ্যতা:

০১. সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে তবে সংশ্লিষ্ট শূন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাকে অগ্রাধিকার দেওয়া হবে।
০২. শারীরিকভাবে সুস্থ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে;
০৩. শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ৮ম শ্রেণী পাশ হতে হবে;
০৪. ১৯.১০.২০২৩ খ্রি. তারিখে বয়স অবশ্যই ৩০ বছর হতে হবে;
০৫. পুরুষ প্রার্থীর ক্ষেত্রে শারীরিক যোগ্যতা: ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি
০৬. মহিলা প্রার্থীর ক্ষেত্রে শারীরিক যোগ্যতা: ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি

শর্তাবলী:

১. গ্রাম পুলিশ নিয়োগ এবং বেতন ভাতা সংক্রান্ত সরকার কর্তৃক প্রচলিত বিধি মোতাবেক আর্থিক এবং অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।
২. সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের আইন-শৃঙ্খলা রক্ষায় এবং সরকার কর্তৃক প্রদত্ত দায়িত্ব যথাযথভাবে পালন করতে বাধ্য থাকতে হবে।
৩. সরকারি বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

আবেদনের নিয়মাবলী:

১. উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ বরাবরে স্ব হস্তে লিখিত আবেদন দাখিল করতে হবে
২. ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে
৩. জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে
৪. সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হিসেবে ওয়ার্ড সদস্য ও ইউ.পি চেয়ারম্যানের যৌথ স্বাক্ষরের জাতীয়তা ও নাগরিক সনদপত্র দাখিল করতে হবে
৫. শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে
৬. অসম্পূর্ণ এবং মিথ্যা তথ্য সন্নিবেশিত আবেদন সরাসরি বাতিল বলে বিবেচিত হবে
৭. আগামী ১৯.১০.২০২৩ খ্রি. তারিখ বেলা ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন দাখিল/পৌছাতে হবে।

(সাদিয়া ইসলাম লুনা)

উপজেলা নির্বাহী অফিসার
কুলিয়ারচর, কিশোরগঞ্জ

মোবাইল: ০১৯৫৮-৪০০৪১৯

ইমেইল: unokuliarchar@mopa.gov.bd

স্মারক: ০৫.১২.৪৮৫৪.০০০.০০.০০০.২৩-৪২৬

তারিখ: ০৩ অক্টোবর ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
- ৪। অফিসার ইনচার্জ, কুলিয়ারচর থানা, কিশোরগঞ্জ।
- ৫। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ (বহুল প্রচারের জন্য)
- ৬। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.....ইউনিয়ন ভূমি অফিস (বহুল প্রচারের জন্য)
- ৮। সদস্য/সংরক্ষিত সদস্য, ওয়ার্ড নং.....ইউনিয়ন পরিষদ (বহুল প্রচারের জন্য)
- ৯। অফিস কপি।